# নিয়োগ বিজ্ঞপ্তি

ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) জাতীয় পর্যায়ের একটি স্বেচ্ছাসেবী সংগঠন এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক নিবন্ধিত প্রতিষ্ঠান, যার সনদ নম্বর-০১২৭৫-০০৫২৩-০০০১৭। এছাড়াও সংস্থাটি এনজিও বিষয়ক ব্যুরো ও সমাজ কল্যাণ মন্ত্রাণালয়ের অধিনে নিবন্ধিত প্রতিষ্ঠান। যার সনদ নাম্বার পর্যায়ক্রমে -১৩৩ এবং ঢ-০২২৮২/৮৯। সংস্থার মানব সম্পদ ও প্রশাসন সেকশনের অধীনে অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য জরুরী ভিত্তিতে সৎ, উদ্যোমী, পরিশ্রমী ও কর্মঠ জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত পদে আগ্রহী বাংলাদেশী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**পদের নাম ঃ জুনিয়র অভ্যন্তরীণ নিরীক্ষক**

**শূন্য পদ সংখ্যা : ৬ জন**

**Job Description/Resposibilities:**

- অভ্যন্তরীণ নিরীক্ষকগণ প্রতি অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্য সম্পাদন করতে হবে।
- সংস্থার সকল নীতিমালা অনুসারে কার্যক্রম পরিচালনা করতে হবে।
- প্রতি মাসের ৭০% হতে ৮০% সময় ফিল্ডে অবস্থান করতে হবে।
- বিজনেস প্ল্যান ও বাজেট অনুসারে শাখার কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা বিশ্লেষণ করা।
- ক্ষুদ্র ঋন কার্যক্রমের শাখা সমূহে ১০০% সদস্যর পাশ বই ব্যালেন্সিং করতে হবে।
- নিয়মিত সমিতি পরিদর্শন করতে হবে ও সমিতি পর্যায়ের সদস্যদের ঋণ প্রাপ্তির বিষয়টি সরেজমিনে যাচাইয়ের মাধ্যমে নিশ্চিত করতে হবে।
- বকেয়া সদস্য পরিদর্শন ও বকেয়ার প্রকৃত কারণ উদঘাটন করতে হবে।
- সদস্য বা প্রধান উপার্জনকারীর মৃত্যুজনিত কারনে যে সকল ঋন মওকুফ হয়েছে তা সরেজমিনে যাচাই এবং ঋণ মওকুফ তথ্য নিশ্চিত করা।
- শাখার ক্যাশ বুক, ব্যাংক স্টেটমেন্ট, হাতে নগদ, চেক বই, চেক ইস্যু রেজিস্টার, জেনারেল লেজার ও ব্যাংক জমা ইত্যাদি যাচাই করতে হবে।
- অফিস পর্যায়ের বিভিন্ন দাপ্তরিক কার্যাবলী যেমনঃ স্টক, স্থায়ী সম্পদ, ভাউচার, হাজিরা খাতা, স্টাফদের মুভমেন্ট, মোটর সাইকেল লগবুক, বেতন রেজিস্টার, ছুটির ফরম ইত্যাদি যাচাই করতে হবে।
- সদস্য ভর্তি ফরম, ঋন বিতরণ ফরম, সঞ্চয় ফেরত ও প্রয়োজনীয় অন্যান্য বিষয়াবলী যাচাই করতে হবে।
- যৌথভাবে দলীয় এপ্রোচে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- নিরীক্ষায় প্রাপ্ত অসংগতি সমূহ সমাধানে অডিট প্রধানের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- নিরীক্ষা শেষে প্রাপ্ত অসংগতি সমূহ ০২ হতে ০৩ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন প্রস্তুত করতে হবে।
- সংস্থার স্বার্থে প্রয়োজনীয় ক্ষেত্রে সকল তথ্য গোপন রাখবে।
- এছাড়াও কর্তৃপক্ষের নির্দেশিত যে কোন কার্যক্রম সম্পাদন করতে হবে।

Educational Requirements : বিবিএ/ব্যবসায় শিক্ষা বিভাগের যে কোন বিষয় কমপক্ষে স্নাতক পাশ।

Age : সর্বোচ্চ ২৫ বছর (১৫ অক্টোবর, ২০২৫)।

Additional Job Requirements :

- সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধীকার দেয়া হবে।
- কম্পিউটারে দক্ষতা থাকতে হবে এবং রিপোর্ট লেখায় পারদর্শী হতে হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিতদেরকে যোগদানকালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা ভার্ক প্রধান কার্যালয়ে জামানত হিসাবে জমা দিতে হবে, যা মুনফাসহ চূড়ান্ত হিসাব নিস্পত্তিকালীন ফেরত প্রদান করা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিতদেরকে সংস্থার শিশু সুরক্ষা নীতিমালা, প্রিভেনশন অফ সেক্সচুয়াল এক্সপ্লোয়েটেশন এন্ড এ্যাবিউস (পিএসইএ) নীতিমালা, জেন্ডার নীতিমালা ও সংস্থার কোড অফ কন্ডাক্ট এর বিধি-বিধানের প্রতি ব্যক্তিগত ও কর্মজীবনে শ্রদ্ধাশীল, অনুসরণ এবং প্রতিপালন করতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া আংশিক অথবা সম্পূর্ন বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করে সংক্ষিপ্ত তালিকার প্রার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আহবান করা হবে।
- নোটঃ অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

Salary Range : মাসিক বেতন ২৭২৫০/- (সাতাইশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং সংস্থার নিয়মানুযায়ী যোগদানের ৬ মাস পর মহার্ঘ ভাতাসহ মোট ৩০২৫০/- (ত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হবে।

Others benefits : সংস্থার নিয়মানুযায়ী বার্ষিক ইনক্রিমেন্ট, মহার্ঘ ভাতা, পিএফ, উৎসব ভাতা, বৈশাখী ভাতা, মোবাইল বিল, স্টাফ কল্যান ও স্বাস্থ্য কল্যান তহবিল এর নীতিমালা অনুযায়ী নিজ ও পরিবারের সদস্যদের চিকিৎসা খরচ প্রদান করা হবে। এছাড়াও অন্যান্য সকল সুবিধাদি প্রদান করা হবে।

Job Location : প্রধান কার্যালয়।

Apply Instruction:

আগ্রহী প্রার্থীদের আগামী ২০ অক্টোবর, ২০২৫ তারিখের মধ্যে আবেদনপত্রের সাথে জীবনবৃত্তান্ত (দুইজন ব্যক্তির রেফারেন্স) ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, মার্কসীট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্ন ঠিকানায় পাঠাতে হবে। **আবেদন পত্রে অবশ্যই মোবাইল নাম্বার ও খামের উপর পদের নাম লিখতে হবে।** উল্লেখ্য যে, পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ,ডিএ দেওয়া হবে না। **আবেদন পত্র পাঠাবার ঠিকানা ঃ নির্বাহী পরিচালক, ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক), বি-৩০, এখলাস উদ্দিন খান রোড, আনন্দপুর, সাভার, ঢাকা-১৩৪০।**

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) জাতীয় পর্যায়ের একটি স্বেচ্ছাসেবী সংগঠন এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক নিবন্ধিত প্রতিষ্ঠান, যার সনদ নম্বর-০১২৭৫-০০৫২৩-০০০১৭। এছাড়াও সংস্থাটি এনজিও বিষয়ক ব্যুরো ও সমাজ কল্যাণ মন্ত্রাণালয়ের অধিনে নিবন্ধিত প্রতিষ্ঠান। যার সনদ নাম্বার পর্যায়ক্রমে - ১৩৩ এবং ঢ-০২২৮২/৮৯। সংস্থার ঋণ কর্মসূচিতে জরুরী ভিত্তিতে সৎ, উদ্যোমী, পরিশ্রমী ও কর্মঠ জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত পদের জন্য আগ্রহী বাংলাদেশী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**পদের নাম ঃ শাখা ব্যবস্থাপক**

**Vacancy :** Undefined

**<u>Job Description/Resposibilities:</u>**

- দৈনিক কাজের পরিকল্পনা করে কর্মীদের দিক নির্দেশনা প্রদান করা।
- দৈনিক নূন্যতম ২টি সমিতি পরিদর্শন করা ও প্রতিটি সমিতির শতভাগ পাশবহি ব্যালেন্সিং করা।
- প্রতিটি কর্মীর দৈনন্দিন কার্যক্রম নিয়মিত মনিটরিং করা এবং শৃঙ্খলা বজায় রেখে টিমওয়ার্কের মাধ্যমে শাখার সকলধরনের কার্যক্রম বাস্তাবায়নের কাজ করা।
- মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক লক্ষ্যমাত্রা তৈরি করা এবং তা বাস্তবায়ন করা।
- সদস্য, কর্মী ও অফিসসহ সকল পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সৃষ্ট প্রতিবন্ধকতা সমন্বয় সাধনের মাধ্যমে সমাধানের কার্যকর ব্যবস্থা গ্রহন করা।
- নতুন সদস্য ভর্তি এবং কর্ম এলাকা সম্প্রসারনে কর্মীদের যথাযথ গাইডলাইন দেওয়া এবং অগ্রগতি তদারকি করা।
- প্রস্তাবিত ঋণ বিতরনের ক্ষেত্রে যথাযথভাবে ঋণী সদস্য ও প্রকল্প যাচাই করে ঋণ অনুমোদন/সুপারিশ করা।
- ঋণ বিতরণের সময় উপস্থিত থেকে ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করা।
- বিতরনকৃত ঋনের পোষ্ট টেষ্ট করা।
- বকেয়া নিয়ন্ত্রণ করা এবং বকেয়া সদস্য তালিকা অনুযায়ী নিয়মিত ফলোআপ করার মাধ্যমে তা আদায়ের কার্যকর ব্যবস্থা করা।
- কর্মীদের প্রতিদিনের আদায় তদারকি ও যাচাই করা।
- শাখার তহবিলের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা এবং শাখার উৎপাদনশীলতার মান ও লাভজনকতা নিশ্চয়তা বিধান করা।
- নিয়মিত বিল-ভাউচার, সদস্য ভর্তি ফরম, ঋণ আবেদন ও সদস্যদের প্রোফাইল ইত্যাদি যাচাই করা।
- হিসাবরক্ষকের কাজ নিয়মিত তদারকি করা ও ব্যাংকিং কার্যক্রমে সহায়তা করা।
- ঋণ বিতরন, সঞ্চয় ফেরত ও সকল ধরনের ব্যয়সমুহের যথার্থতা যাচাই করে চেকবুক ও চেক ইস্যু রেজিষ্টারে স্বাক্ষর করা।
- দুর্বল কর্মীদের দক্ষতা বৃদ্ধিতে শাখা পর্যায়ে নিয়মিত ওরিয়েনটেশন প্রদান করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রশিক্ষনের ব্যবস্থা করা।
- কর্মীদের বাৎসরিক মূল্যায়ন করা এবং সুপারিশসহ উর্দ্ধতন-এর নিকট প্রেরন করা।
- সংস্থার ঋণ নীতিমালা, আর্থিক নীতিমালা, মানব সম্পদ নীতিমালাসহ সংস্থার অন্যান্য সকল নীতিমালা অনুসরন করে কার্যক্রম পরিচালনা করা।
- কার্যক্রম বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা। কর্মীদের অনৈতিক আচরণ বা দুর্নীতির বিরুদ্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবগত করা। প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবস্থা গ্রহন করা বা ব্যবস্থা গ্রহনে সুপারিশ করা।
- শাখা পর্যায়ে অডিট, মনিটরিং বা কোন পরিদর্শক পরিদর্শনে গেলে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে পরিদর্শনে সহায়তা করা।
- সহকারী পরিচালক (এরিয়া ম্যানেজার) সাথে সর্বদা যোগাযোগ ও নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা।

- স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসন এবং গন্যমান্য ব্যক্তিবর্গের সাথে সুসম্পর্ক বজায় রাখা।
- উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য পালনের পাশাপাশি সংস্থার উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে বাধ্য থাকবেন।

Educational Requirements : যে কোন বিষয় স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রী।

Age : ৩০-৪০ (৩১ আগষ্ট, ২০২৫)

Additional Job Requirements :

- প্রার্থীকে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সমপর্যায় পদে কমপক্ষে ২-৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- মোটর সাইকেলের বৈধ ড্রাইভিং লাইসেন্স, কম্পিউটারে দক্ষতা এবং রিপোর্ট লেখায় পারদর্শী হতে হবে।
- চুড়ান্তভাবে নির্বাচিতদেরকে যোগদানকালীন ১৫,০০০/- (পনের হাজার) টাকা ভার্ক প্রধান কার্যালয়ে জামানত হিসাবে জমা দিতে হবে, যা মুনফাসহ চূড়ান্ত হিসাব নিস্পত্তিকালীন ফেরত প্রদান করা হবে।
- চুড়ান্তভাবে নির্বাচিতদেরকে সংস্থার শিশু সুরক্ষা নীতিমালা, প্রিভেনশন অফ সেক্সচুয়াল এক্সপ্লোয়েটেশন এন্ড এ্যাবিউস (পিএসইএ) নীতিমালা, জেন্ডার নীতিমালা ও সংস্থার কোড অফ কন্ডাক্ট এর বিধি-বিধানের প্রতি ব্যক্তিগত ও কর্মজীবনে শ্রদ্ধাশীল, অনুসরণ এবং প্রতিপালন করতে হবে।
- উল্লেখিত পদে আবেদনের জন্য নারী এবং বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিরাও সমানভাবে যোগ্য।
- কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া আংশিক অথবা সম্পূর্ন বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করে সংক্ষিপ্ত তালিকার প্রার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আহবান করা হবে।
- নোটঃ অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

Salary Range : প্রথম তিনমাস শিক্ষানবীশ হিসেবে ৩০,০০০/- প্রদান করা হবে। পরবর্তীতে মূল্যায়নের ভিত্তিতে শাখা ব্যবস্থাপক হিসেবে নিয়োগ প্রদান করা হবে। তখন মাসিক বেতন ৩৪,১৯৮/- (চৌত্রিশ হাজার একশত আটানব্বই) টাকা তবে সংস্থার নিয়মানুযায়ী যোগদানের ৬ মাস পর মহার্ঘ ভাতাসহ মোট ৩৭,১৯৮ (সাইত্রিশ হাজার একশত আটানব্বই) টাকা প্রদান করা হবে। উল্লেখ্য অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষ্য।

Others benefits : সংস্থার নিয়মানুযায়ী বার্ষিক ইনক্রিমেন্ট, মহার্ঘ ভাতা, পিএফ, উৎসব ভাতা, বৈশাখী ভাতা, মোবাইল বিল, স্টাফ কল্যান ও স্বাস্থ্য কল্যান তহবিল এর নীতিমালা অনুযায়ী নিজ ও পরিবারের সদস্যদের চিকিৎসা খরচ, সুদবিহীন হায়ার পারচেজে মোটরসাইকেলসহ রক্ষনাবেক্ষনের জন্য মাসিক ভাতা প্রদান করা হবে। এছাড়াও অন্যান্য সকল সুবিধাদি প্রদান করা হবে।

<u>Apply Instruction</u>

আগ্রহী প্রার্থীদের আগামী **৩১ আগষ্ট, ২০২৫** তারিখের মধ্যে আবেদনপত্রের সাথে জীবনবৃত্তান্ত (দুইজন ব্যক্তির রেফারেন্স), ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, মার্কসীট ও জাতীয় পরিচয়পত্র, মোটরসাইকেল ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্ন ঠিকানায় পাঠাতে হবে। **আবেদন পত্রে অবশ্যই মোবাইল নাম্বার ও খামের উপর পদের নাম লিখতে হবে**। উল্লেখ্য যে, পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ,ডিএ দেওয়া হবে না। **আবেদন পত্র পাঠাবার ঠিকানা ঃ নির্বাহী পরিচালক, ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক), বি-৩০, এখলাস উদ্দিন খান রোড, আনন্দপুর, সাভার, ঢাকা-১৩৪০।**